# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

উপমহাদেশ থেকে হজ্জ উমরায় যেতে কোথায় ইহরাম বাঁধতে হবে? জিদ্দায় নেমে ইহরাম বাঁধলে হবে কি?

উড়ো কিংবা পানি জাহাজে হজ্জ বা উমরায় এলে নির্দিষ্ট মীকাত ববাবর জায়গায় আসার পূর্বে (জাহাজের কর্মীদের ইঙ্গিত পেলে) ইহরাম বাঁধতে হবে। অবশ্য চড়ার পূর্বে এয়ারপোর্ট থেকে গোসলাদি সেরে কাপড় পরে কেবল নিয়ত করা ভালো। জিদ্দা থেকে ইহরাম বাঁধা যথেষ্ট নয়। বিনা ইহরামে জেদ্দায় নামলে নির্দিষ্ট মীকাতে ফিরে গিয়ে ইহরাম বাঁধতে হবে। জেদ্দা থেকে ইহরাম বেঁধে উমরাহ করে থাকলে দম (একটি ছাগল অথবা একটি ভেড়া অথবা সাত ভাগের এক ভাগ গরু বা উট) লাগবে; যা মক্কায় যবেহ করে মক্কার ফকীরদের মাঝে বণ্ঠন করতে হবে। ৩২৮ (ফাতাওয়া মুহিম্মাহ ৩৪ পৃঃ)

অবশ্য যদি কেউ না জেনে কোন আলেমকে জিজ্ঞেসা করে ‘জেদ্দা থেকে ইহরাম বাঁধা হবে’ এই ফতোয়া নিয়ে জেদ্দা থেকে ইহরাম বেঁধে হজ্জ উমরাহ করে ফেলে, তবে তাঁর উপর দম নেই। কারণ, সে তাঁর ওয়াজেব পালন করেছে। আর ঐ ভুলের মাসূল ঐ মুফতীর ঘাড়ে।৩২৯ (ফাতাওয়া ইবনে উষাইমীন ২/৫৬৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=240

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন